শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ


রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর।

টেলিফোন নম্বরঃ ০৫২১-৫৭০০০
ই-মেইলঃ gmrpbs2@gmail.com
ওয়েব সাইটঃ www.pbs2.rangpur.gov.bd


স্মারক নং-২৭.১২.৮৫৪৯.৫৬৩.০১.০০১.১৯.৮০০

তারিখঃ ০৪ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ।
১৭ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ।

# "ড্রাইভার পদে নিয়োগ বিজ্ঞপ্তি"

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির লক্ষ্যে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সুবিধাদি উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মাসিক মূল বেতন | বয়স |
|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | সাবলীলভাবে বাংলা পড়া ও লেখার এবং ইংরেজি শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্ন হতে হবে। সময়, রিপোর্ট ও সিডিউল সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকতে হবে। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত হালকা গাড়ী চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সরকারি/আধা সরকারী/ স্বায়ত্বশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সহিত দাখিল করতে হবে। ড্রাইভিং এর অভিজ্ঞতা হিসাব করা হবে ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে। নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত গাড়ী চালানো ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি)। সিভিল সার্জন/নিয়োগকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা উত্তীর্ণ হতে হবে। | ১৬,৬০০.০০-২৯,৯০০.০০ টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | প্রার্থীর বয়স ০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র/প্রমাণাদি আবেদন পত্রের সহিত সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

## শর্তাবলীঃ

(ক) আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট (www.breb.gov.bd) অথবা রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.rangpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নম্বর পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করত: যথাযথভাবে স্ব-হস্তে পূরণ পূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পার্সপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কমিশনারের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র, ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ক্রস পোষ্টাল অর্ডার সংযুক্ত পূর্বক খামের উপর পদের নাম উল্লেখ করে আগামী ০৫/০৫/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর এর বরাবরে সরাসরি/ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। উল্লেখ্য, আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(খ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতন সহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অনপ্রবেশনে নিয়োগ করা হবে। অনপ্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী একই পদে চাকুরীতে নিয়মিত করণ করা যেতে পারে।

২য় পৃঃ দ্রঃ/

(গ) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নেই।

(ঘ) জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবন, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেণী, লক্ষীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, ও বরগুণা জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

(ঙ) বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

(চ) উক্ত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানাদিদের সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। তবে সেই ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানাদি তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ এর ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক গেজেটেড অফিসার অথবা ইউনিয়ন পরিষদের/পৌরসভার মেয়র এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।

(ছ) অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্বাচনী (লিখিত/মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণ ও সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

(জ) প্রার্থীকে প্রাথমিক চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(ঝ) ইতোপূর্বে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারো আবেদন করার প্রয়োজন নেই।

(ঞ) কোনরূপ তথ্য গোপন করে নিয়োগ লাভ করলে তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুতিসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ট) অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭/৪/২২
(প্রকৌঃ মোঃ আলী হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫। জেলা প্রশাসক, রংপুর।
০৬। পুলিশ সুপার, রংপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার—রংপুর সদর, বদরগঞ্জ, গঙ্গাচড়া, কাউনিয়া, তারাগঞ্জ ও সৈয়দপুর।
০৯। ডিজিএম(কারিগরি)/বদরগঞ্জ/গঙ্গাচড়া/কাউনিয়া জোনাল অফিস, রংপুর পবিস-২।
১০। এজিএম(অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা), রংপুর পবিস-২।
১১। এজিএম(ওএন্ডএম), তারাগঞ্জ/হারাগাছ সাব-জোনাল অফিস, রংপুর পবিস-২।
১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৩। নোটিশ বোর্ড, রংপুর পবিস-২।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

জেনারেল ম্যানেজার ২৭/৪/২২

**ফরম-১**

**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ড্রাইভার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**

**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ....... .......................................................................... ............................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ৩. পদের ধরণ

.......................................................................... ..............................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

.............................................. ..................................... ..............................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী)

.................................................. ......./......./................ (দিন/মাস/বছর)

৮. মাতার নাম ৯. বয়স (০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখে)

........................................................ ............................................

১০. পিতার নাম ১১. ধর্ম

........................................................ ............................................

১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

........................................................

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর ১৫. বৈবাহিক অবস্থা

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানাঃ

.................................... ................................ .............................. ..........................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

.............................................. .................................. .................................. ......................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

.............................................. ........................................................ ........................................................

১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট নং ২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে রংপুর পবিস-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে রংপুর পবিস-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

-------------------------------- --------------------------------------

তারিখ আবেদনকারী স্বাক্ষর

# রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
# পাগলাপীর, রংপুর।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

**প্রার্থীর রোল নম্বর** ঃ ..........................................................................

**পরীক্ষার তারিখ** ঃ ..........................................................................

**পরীক্ষার সময়** ঃ ..........................................................................

**পরীক্ষা কেন্দ্রের নাম** ঃ ..........................................................................

**পরীক্ষা কেন্দ্রের ঠিকানা** ঃ ..........................................................................

**নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ** ..........................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

**প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক**..........................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

০১॥ পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২॥ নির্ধারিত সময়ের অন্তত: ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩॥ উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪॥ পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫॥ চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬॥ উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহি:স্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।